# বাংলাদেশ সমবায় একাডেমিতে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্সের অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি।

# (২০২৩-২০২৪ অর্থবছর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

তারিখঃ ১৪.০৮.২০২৩খ্রি.

স্মারক নং-৪৭.৬১.০০০.০৪৭.২৯.০২১.১৬.২৩

বিষয় ঃ বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লার ২০২৩ - ২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণ বর্ষপঞ্জি অনুমোদন সংক্রান্ত।

সূত্র ঃ বাংলাদেশ সমবায় একাডেমির স্মারক নং-৪৭.৬১.০০০.৩৪১.২৫.০৪২.১২-৪৫৭, তারিখ ঃ ২০.০৬.২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সমবায় একাডেমি কর্তৃক প্রেরিত ২০২৩ - ২০২৪ অর্থ বছরের প্রশিক্ষণ বর্ষপঞ্জি নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। যা এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

শর্তসমূহ ঃ

১. রাজস্ব খাতের অর্থায়নে অনুষ্ঠেয় কোর্সগুলো আগে সম্পন্ন করার পর সিডিএফ অর্থায়নে অনুষ্ঠেয় কোর্সগুলো সম্পন্ন করতে হবে।
২. কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে কোর্সের তারিখ পরিবর্তন, কোর্স পরিচালক নির্ধারণ ও প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করা যাবে।
৩. বাংলাদেশ সমবায় একাডেমির অধ্যক্ষ অথবা উপাধ্যক্ষ কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন।
৪. বাংলাদেশ সমবায় একাডেমির ক্ষেত্রে অধ্যক্ষ অথবা উপাধ্যক্ষ ব্যতীত সকল প্রথম ও দ্বিতীয় শ্রেনির কর্মকর্তা এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের ক্ষেত্রে প্রশিক্ষকগণ পর্যায়ক্রমে কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করবেন।
৫. বাংলাদেশ সমবায় একাডেমিতে কর্মরত প্রশিক্ষক (প্রভাষক পর্যায়ের) কর্মকর্তা বা উদ্ধর্তন কর্মকর্তাগণ কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।
৬. প্রশিক্ষণ কোর্সের সংখ্যা বৃদ্ধি বা বাতিল করতে হলে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর মহোদয় কর্তৃক পূর্বানুমতি নিতে হবে।
৭. আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহে পর্যায়ক্রমে আইজিএ প্রশিক্ষণ জোরদার করতে হবে।
৮. বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের প্রশিক্ষণ কোর্সের গুণগতমান উন্নয়নের জন্য প্রচেষ্টা বৃদ্ধি করতে হবে।
৯. প্রশিক্ষণ কোর্সের ব্যয় নির্বাহের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

সংযুক্ত ঃ অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি

(মোঃ আবুল খায়ের)
উপ নিবন্ধক (ইপি)
সমবায় অধিদপ্তর।

অধ্যক্ষ
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

# বাংলাদেশ সমবায় একাডেমি

# কোটবাড়ী, কুমিল্লা

এর

# ২০২৩ - ২০২৪ বর্ষের প্রশিক্ষণ বর্ষপঞ্জি



কুমিল্লার এতিহ্যবাহী আধুনিক শিক্ষাকেন্দ্র খ্যাত প্রত্নতাত্ত্বিক নিদর্শনের পটভূমি ও ছায়াঘেড়া প্রাকৃতিক সৌন্দর্যের মায়াবী পরিবেশে অবস্থিত বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা। বাংলাদেশ সমবায় একাডেমি সমবায় অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন একটি সর্বোচ্চ প্রশিক্ষণ প্রতিষ্ঠান । এর অধীনের রয়েছে আরো ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট। বাংলাদেশ সমবায় একাডেমি ও ১০টি আঞ্চলিক প্রশিক্ষণ ইনস্টিটিউট সমবায় বিভাগীয় কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা উন্নয়ন এবং সমবায় সমিতির সদস্যদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সমবায় আইন ও বিধিমালা, আর্থিক ও সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত এবং বিভিন্ন ট্রেডে আয়বর্ধন মূলক প্রশিক্ষণ প্রদান করে থাকে। বর্তমান সরকার জনসেবার মান উন্নয়নের লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণের পাশাপাশি দেশের সাধারণ মানুষকে উৎপাদনমুখী কর্মকান্ডে অধিকতর সম্পৃক্ত করার লক্ষ্যে কর্মদক্ষতা উন্নয়নে ট্রেডেভিত্তিক আয়বর্ধন মূলক প্রশিক্ষণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করছে।

সমবায় প্রশিক্ষণকে অধিকতর কার্যকর, উন্নয়নমুখী ও উৎপাদনমুখী করার উদ্দেশ্যকে সামনে রেখে বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট সমূহের প্রশিক্ষণ কোর্সসমূহ আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অদ্যকার সেমিনার প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকায়ন ও যুগোপযোগী করণে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।

বাংলাদেশ সমবায় একাডেমির প্রত্যাশা ঃ

বাংলাদেশের সর্বস্তরের সমবায়ীদের আর্থ-সামাজিক উন্নয়নে নতুন নতুন উন্নয়ন তত্ত্ব ও তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করে সুশাসন, জবাবদিহিতা, নারী ও পুরুষের সম-অধিকার এবং দেশের সার্বিক উন্নয়নে অংশীদারিত্ব অর্জনের মাধ্যমে সমৃদ্ধ ও আধুনিক বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সমবায় ক্যাডার কর্মকর্তাসহ অন্যান্য সকল পর্যায়ের কর্মকর্তা- কর্মচারিদের দক্ষ হিসেবে গড়ে তোলা। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নিবন্ধিত সমবায়গুলোকে স্মার্ট সমবায় হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির জন্য সময়োপযোগী প্রশিক্ষণ প্রদান। ইহা ছাড়াও আইজিএ/ কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে দেশের বেকার যুবক সমবায়ীদের দক্ষ করে গড়ে তোলা যাতে তারা বেকার না থাকে এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণ করে স্বাবলম্বী হতে পারে।

বাংলাদেশ সমবায় একাডেমির লক্ষ্য ঃ

সমবায় আন্দোলকে এগিয়ে নেয়ার প্রতিবন্ধকতা চিহ্নিত করা; চিহ্নিত সমস্যা সমাধানের জন্য কৌশল নির্ধারণ; সরকারের উন্নয়নমূলক কাজের নীতি নির্ধারণে সমবায়ীদের অংশগ্রহনে উদ্বুদ্ধকরণ; নতুন সমবায় নেতৃত্ব সৃষ্টি; এবং মানব সম্পদ উন্নয়ন ও পুঁজি গঠনের মাধ্যমে দেশের সমবায়ীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষমত অর্জন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমবায় প্রশিক্ষণ কার্যক্রমকে যুগোপযোগী করা। এ লক্ষ্য অর্জনে বাংলাদেশ সমবায় একাডেমি নিম্নবর্ণিত উল্লেখযোগ্য কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে।

১। সমবায় ক্যাডার কর্মকর্তা ও অন্যন্য কর্মকর্তাদের পেশাগত কর্মদক্ষতা ও মান উন্নয়নের লক্ষে প্রশিক্ষণ আয়োজন করা ;

২। সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা;

৩। সমবায় সমিতির নেতৃবৃন্দ ও সদস্যদের নের্তৃত্ব, মটিবেশন, আইন/বিধি, ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ এবং সমবায় আইন ও বিধিমালা শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা;

৪। সমবায় সমিতির সদস্যদেও আয় বৃদ্ধিও লক্ষ্যে বিভিন্ন ট্রেডভিত্তিক আইজিএ প্রশিক্ষণ আয়োজন করা;

৫। SDG, 4IR & Smart Bangladesh ইত্যাদি উন্নয়ন ও সরকারের প্রতিশ্রুতি লক্ষ্যমাত্রা অর্জনে সরকারের কর্মকান্ডের সাথে সমবায় কর্মকান্ডকে সম্পৃক্ত করণের লক্ষ্যে প্রশিক্ষণ আয়োজন করা;

৬। সমবায় কর্মকান্ডের ভবিষ্যৎ উন্নয়নে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন এবং পরিচালনা করা;

৭। সমবায় সমিতি আইন ও বিধিমালার সময়োপযোগী সংশোধনে নীতি নির্ধারকদের সহায়তা প্রদান ;

৮। সমবায় সম্পর্কিত পুস্তক, জার্নাল, সাময়িকী প্রকাশনা ও পৃষ্ঠপোষকতা প্রদান;

৯। প্রশিক্ষণের মান উন্নয়নের লক্ষ্যে দেশের বিভিন্ন দপ্তর ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ বৃদ্ধি করা;

১০। সমবায়কে বিভিন্ন প্রায়োগিক ক্ষেত্রে ব্যবহারের লক্ষ্যে গবেষণা করা ;

১১। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম মনিটরিং ও প্রশিক্ষণের মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭ (১) অনুচ্ছেদ অনুযায়ী প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ। অন্য সকল গণতান্ত্রিক দেশের মত বাংলাদেশের জনগণকে দেশের সর্বাধিক গুরুত্বপূর্ণ সম্পদ হিসেবে বিবেচনা করা হয়। জনগণের মেধা, দক্ষতা, সৃষ্টিশীলতা এবং দেশের কল্যাণে দৃঢ় অঙ্গিকারই একটি দেশের প্রাকৃতিক ও ভৌত সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে দেশকে উন্নতির শিখরে পৌঁছে দিতে পারে। এটি প্রতিষ্ঠিত সত্য যে, প্রশিক্ষণ ও শিক্ষার মাধ্যমে সাধারণ জনগণকে মানব সম্পদে রূপান্তর করা সম্ভব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১ (২) অনুচ্ছেদ অনুযায়ী সকল সময়ে জনগণকে সেবা করার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য। অর্থাৎ জনসেবা করাই গণকর্মচারীর দায়িত্ব। এ প্রেক্ষিতে উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে দক্ষ গণকর্মচারী দেশের সার্বিক উন্নয়নের অপরিহার্য শর্ত। ফলশ্রুতিতে সরকারি কর্মচারীদের দক্ষতা উন্নয়ন, অর্থনীতির সকল খাতের উৎপাদনশীলতা বৃদ্ধি, সামাজিক উন্নয়ন, বেকারত্ব হ্রাস, বৈষম্য হ্রাস এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নকে অন্যতম কৌশল হিসেবে গ্রহণ করেছে।

৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়নঃ

৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে পর্যায়ক্রমে একটি উন্নত দেশ হিসেবে প্রতিষ্ঠা করা বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য। বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনায় ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা করা, শিল্পায়ন, অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণের পাশাপাশি দারিদ্র বিমোচন, খাদ্য নিরাপত্তা অর্জন, নারীর ক্ষমতায়ন, মানব সম্পদ উন্নয়ন এবং কৃষি ও পল্লী উন্নয়নকে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। তাছাড়া দারিদ্র্য দূরীকরণ, আয় বৈষম্য হ্রাস এবং টেকসই উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতার উন্নয়নের মাধ্যমে মানব সম্পদ সৃষ্টি করা সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের অন্যতম একটি কৌশল। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নে ৩(তিন) প্রকার প্রশিক্ষণ ও শিক্ষায় গুরুত্ব আরোপ করা হয়েছে;

১। দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ

২। জীবনধারণ নৈপুণ্যে প্রশিক্ষণ

৩। পেশাগত ও কারিগরি শিক্ষা

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর প্রশিক্ষণ সংক্রান্ত নির্দেশনা :

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) সারাদেশের সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে জনগণের দক্ষতা উন্নয়নে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ সমবায় একাডেমি ২০.০৩.২০২৩খ্রি. তারিখ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর নিবন্ধন লাভ করে। আশা করছি ২০২৩ – ২০২৪ অর্থ বছরে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ((NSDA) নিবন্ধনকৃত কোর্স কারিকুলাম অনুযায়ী নিবন্ধিত কোর্স সমূহ পরিচালনা করতে পারবো। সকল প্রতিষ্ঠানের প্রশিক্ষণের যথাযথ মান নিশ্চিতকরণে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এর নিম্নলিখিত নির্দেশনা রয়েছে-

১) আয়বর্ধনমূলক (আইজিএ) প্রশিক্ষণ ন্যূনতম ৩৬০ ঘন্টা ব্যাপী;

২) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ( NSDA) কর্তৃক নির্ধারিত কারিকুলাম অনুযায়ী প্রশিক্ষণ প্রদান;

৩) মান সম্মত প্রশিক্ষণ পরিবেশ/ অবকাঠামো উন্নয়ন ;

৪) মান সম্মত প্রশিক্ষক পূল থাকা;

৫) প্রশিক্ষণ মূল্যায়ন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ ( NSDA) কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে হওয়া;

৬) সার্টিফিকেট জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের ( NSDA) মাধ্যমে প্রদান;

বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহের
২০২৩ – ২০২৪ অর্থ বছরের এপিএ লক্ষ্যমাত্রা:

| কার্যক্রম | কার্যসম্পাদন সূচক | সূচকের মান | লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| [১.১] সমবায়ী প্রশিক্ষণ (আইজিএ) | [১.১.১] আইজিএ (পুরুষ) | ০৭ | ১২২০ |
| | [১.১.২] আইজিএ (মহিলা) | ০৫ | ১১৫৫ |
| [১.২] সমবায়ী প্রশিক্ষণ (সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য) | [১.২.১] সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য (পুরুষ) | ০৮ | ১৬৬০ |
| | [১.২.২] সমিতি ব্যবস্থাপনা ও অন্যান্য (মহিলা) | ০৫ | ৭৯০ |
| [২.১] প্রশিক্ষণ কোর্স ফলপ্রসূকরণ | [২.১.১] বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার তৈরী | ০৫ | ১১ |
| | [২.১.২] কোর্স নির্দেশিকা তৈরী | ০৫ | ২৬২ |
| | [২.১.৩] প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরী | ০৩ | ২৫ |
| [২.২] মানোন্নয়ন | [২.২.১] প্রশিক্ষণার্থীর ডাটাবেইজ তৈরী | ০৫ | ১১ |
| [২.৩] প্রভাব মূল্যায়ন | [২.৩.১] কোর্স মূল্যায়ন | ০৫ | ২৬২ |
| [৩.১] সেমিনার/কর্মশালা | [৩.১.১] সেমিনার/কর্মশালা | ০৫ | ০২ |
| [৩.২] গবেষণা ও উদ্ভাবন | [৩.২.১] গবেষণা কার্যক্রম | ০৭ | ০১ |
| [৪.১] কর্মকর্তা-কর্মচারি প্রশিক্ষণ | [৪.১.১] কর্মকর্তা-কর্মচারি (পুরুষ) | ০৭ | ১৪৪৫ |
| | [৪.১.২] কর্মকর্তা-কর্মচারি (পুরুষ) | ০৩ | ২৮০ |

## বাংলাদেশ সমবায় একাডেমিতে ২০২৩ – ২০২৪ অর্থ বছরেরর প্রস্তাবিত কোর্সসমূহ :

### ক) ১ম শ্রেণির কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্স:

| ক্রঃ নং | কোর্সের নাম | ২০২৩-২৪ সালের জন্য প্রস্তাবিত | |
|---|---|---|---|
| | | মেয়াদ | সংখ্যা |
| ০১. | Project Planning & Management (PPM) Course | ১২ দিন | ০১ |
| ০২. | Course on public procurement & EGP (PPA-2006 & PPR-2008) | ১০ দিন | ০১ |
| ০৩. | Advanced Computer Management & Office Application | ১০ দিন | ০১ |
| ০৪. | পেশাগত প্রশিক্ষণ কোর্স | ৬০ দিন | ০১ |
| ০৫. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | ১২ দিন | ০১ |
| ০৬. | Advanced Course on Management & Development Administration Course | ০৫ দিন | ০১ |
| ০৭. | বিরোধ ও আপীল মামলা নিষ্পত্তি বিষয়ক কোর্স | ০৫ দিন | ০১ |
| | ১ম শ্রেণির মোট = | | ৭ |

### খ) ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণ কোর্স :

| ক্রঃ নং | কোর্সের নাম | ২০২৩-২৪ সালের জন্য প্রস্তাবিত | |
|---|---|---|---|
| | | মেয়াদ | সংখ্যা |
| ০১. | পেশাগত প্রশিক্ষণ কোর্স | ৭/২১ দিন | ০২ |
| ০২. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | ১২ দিন | ০২ |
| ০৩. | Advanced Computer Application & Office Management | ১২ দিন | ০৩ |
| ০৪. | Development Administration(Office Management, APA & public procurement) | ১২ দিন | ০২ |
| ০৫. | Project Planning and Management (PPM) Course | ১২ দিন | ০১ |
| ০৬. | বিরোধ ও আপীল মামলা নিষ্পত্তি বিষয়ক কোর্স | ০৫ দিন | ০১ |
| | ২য় শ্রেণির মোট = | | ১১ |

### গ) ডিএ /পরিদর্শক ও সমপর্যায়ের কর্মচারীগণের প্রশিক্ষণ কোর্স:

| ক্রঃ নং | কোর্সের নাম | ২০২৩-২৪ সালের জন্য প্রস্তাবিত | |
|---|---|---|---|
| | | মেয়াদ | সংখ্যা |
| ০১. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | ১২ দিন | ০৫ |
| ০২. | Advanced Computer Application & Office Management | ১২ দিন | ০৪ |
| ০৩. | প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স (TOT) | ১০ দিন | ০৩ |
| | ডিএ /পরিদর্শক ও সমপর্যায়ের কর্মচারীগণের মোট= | | ১২ |

### উল্লেখিত কোর্সসমূহ হতে প্রশিক্ষণার্থীগণ যা জানতে ও শিখতে পারবে ঃ

০১। প্রশিক্ষণার্থীগণ পেশাদারিত্ব অর্জনে তার কি করণীয় সে সম্পর্কে জানতে পারবে ;

০২। প্রশিক্ষণার্থীগণ একজন স্মার্ট বাংলাদেশের জনবান্ধব দক্ষকর্মী হিসেবে গড়ে উঠবে ;

০৩। প্রশিক্ষণার্থীগণ সরকারী বিভিন্ন প্রকার আইন, বিধিমালা, নীতিমালা ও প্রয়োজনীয় বিধিবিধান সম্পর্কে অবহিত হবে ;

০৪। অধিদপ্তরের ভিশন ও মিশন অর্জনে অগ্রনী ভূমিকা পালনে করণীয় সম্পর্কে অবহিত হবে ;

০৫। সমবায় সমিতি আইন ও বিধিমালা বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন করতে পারবে;
০৬। সরকারী চাকরীর বিধিবিধান সম্পর্কে সুস্পষ্ট ও কার্যকর ধারনা লাভ করবে ;
০৭। ডিজিটাল বাংলাদেশের সুফলসমূহ জনগণের নিকট পৌঁছে দেয়ার কৌশল সম্পর্কে ধারণা লাভ করবে।
০৮। নাগরিক সেবার মান উন্নয়নে নতুন নতুন আইডিয়া তৈরীতে আগ্রহী হবে ;
০৯। সরকারী সেবা দ্রুত ও সহজে প্রদান এবং পাওয়ার উপায় সম্পর্কে জানতে পারবে ;
১০। প্রকল্প প্রণয়ন, অনুমোদন প্রক্রিয়া এবং সফল বাস্তবায়নে করনীয় সম্পর্কে জানতে পারবে ;
১১। সমবায়ীকে মানব সম্পদে রূপান্তরকরণের মাধ্যমে সমবায় প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির কোশল সম্পর্কে জানতে পারবে;
১২। ৪র্থ শিল্প বিপ্লবে চ্যালেঞ্জ মোকাবিলায় সরকারের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে জানতে পারবে ;
১৩। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে একজন দক্ষ কর্মী হিসেবে গড়ে উঠতে কি করণীয় তা জানতে পারবে।

ঘ) সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং সাধারণ সদস্যবৃন্দের প্রশিক্ষণ কোর্সসমূহ :

# আইজিএ কোর্স (আয় বর্ধনমূলক প্রশিক্ষণ কোর্স)

| ক্রঃ নং | কোর্সের নাম | ২০২৩ - ২৪ সালের জন্য অনুমোদিত | |
|---|---|---|---|
| | | মেয়াদ | সংখ্যা |
| ০১. | ইলেকট্রিক্যাল ইন্সট্যালেশন এন্ড মেইনটেনেন্স ফর কন্সট্রাকশন প্রশিক্ষণ কোর্স (এনএসডিএ অন্তর্ভূক্ত) | ৬০ দিন | ১ |
| ০২. | মোবাইল ফোন সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স (এনএসডিএ অন্তর্ভূক্ত) | ৬০ দিন | ১ |
| ০৩. | গ্রাফিক ডিজাইন এবং ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্স (এনএসডিএ অন্তর্ভূক্ত) | ৩০/৬০ দিন | ১ |
| ০৪. | আইজিএ সেলাই বিষয়ক প্রশিক্ষন কোর্স | ২১ দিন | ২ |
| ০৫. | আইজিএ বিউটিফিকেশন বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০৫/১০ দিন | ২ |
| ০৬. | আইজিএ ফুড প্রসেসিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ২১ দিন | ১ |
| | আইজিএ কোর্সের মোট = | | ৮ |

# সাধারণ প্রশিক্ষণ কোর্স

| ক্রঃ নং | কোর্সের নাম | ২০২৩ - ২৪ সালের জন্য অনুমোদিত | |
|---|---|---|---|
| | | মেয়াদ | সংখ্যা |
| ০১. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (সাধারণ ক্যাটাগরী) | ০৫ দিন | ১০ |
| ০২ | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (প্রকল্পভূক্ত) | ০৫ দিন | ৬ |
| ০৩. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০৫ দিন | ১৭ |
| ০৪. | উদ্যোক্ত সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০৫ দিন | ৯ |
| ০৫ | কর্মচারিদের পেশাগত দক্ষতা উন্নয়ন কোর্স | ১০ দিন | ২ |
| | সাধারণ প্রশিক্ষণ কোর্সের মোট = | | ৪৪ |

উল্লেখিত কোর্সসমূহ হতে প্রশিক্ষণার্থীগণ যা জানতে ও শিখতে পারবে ঃ

০১। সমবায় সমিতি আইন ও বিধিমালা সর্ম্পকে জ্ঞান অর্জন করতে সক্ষম হবে ;
০২। সমবায় সমিতির প্রতিপালক পূর্বক সমিতি পরিচালনায় দক্ষতা অর্জন করতে পারবে ;
০৩। সমিতির বিভিন্ন প্রকার সভা ও নির্বাচন কার্যক্রম পরিচালনায় দক্ষতা অর্জন করতে পারবে ;
০৪। সমিতির সদস্যকে সমবায় সমিতি আইন ও বিধিমালা এবং সমিতির পরিচালনা সর্ম্পকে ধারনা প্রদান করতে পারবে ;
০৫। সমিতির রেকর্ডপত্র হিসাব সংরক্ষণ সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারবে ;
০৬। সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানতে পারবে ;
০৭। সমিতির বাজেট তৈরীর বিষয়ে দক্ষতা অর্জন করতে হবে ;
০৮। সমিতির তহবিল গঠন, বিনিয়োগ, মুনাফা বন্টন, নিরীক্ষা ও সিডিএফ নির্ধারণ সম্পর্কে জ্ঞান অর্জন করবে ;

০৯। ডিজিটাল বাংলাদেশ সম্পর্কে ধারণা লাভ করবে।

১০। সরকারের ডিজিটাল সেবা গ্রহণ সম্পর্কে জানতে পারবে ;

১১। সরকারী সেবা দ্রুত ও সহজে পাওয়ার উপায় সম্পর্কে জানতে পারবে ;

১২। আয়বর্ধক কাজে নিজেকে সম্পৃক্ত করতে পারবে ;

১৩। প্রশিক্ষণার্থীগণ মানব সম্পদে রূপান্তরিত হবে ;

১৪। ৪র্থ শিল্প বিপ্লওে সুবিধা সমূহ ও সরকারের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে জানতে পারবে ;

১৫। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে একজন দক্ষ কর্মী হিসেবে গড়ে উঠতে পারবে।

ONLINE প্রশিক্ষণ : ২০২৩ - ২০২৪ অর্থ বছরে বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহে নূন্যতম ০১টি করে ONLINE প্রশিক্ষণ প্রদান করতে হবে।

প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স (TOT) : বাংলাদেশ সমবায় একাডেমিতে প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স (TOT) সকল আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের প্রশিক্ষক এবং জেলা সমবায় কার্যালয়ের প্রশিক্ষক পদমর্যাদার কর্মকর্তা/কর্মচারিদের সমন্বয়ে সম্পন্ন হবে।

পরিশেষে বলা যায় বর্তমানে উন্নয়ন দর্শণের অপরিহার্য অনুসঙ্গ হলো প্রশিক্ষণ, অর্থাত Training & Development . সরকারের ভিশন-২০৪১, স্মার্ট বাংলাদেশ বির্নিমাণ অর্থাৎ ২০৪১ সালে বাংলাদেশ হবে উন্নত ও সমৃদ্ধশালী একটি আধুনিক রাষ্ট্র। স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট গভার্নেন্স ও স্মার্ট ইকোনমি, স্মার্ট থিনকিং, স্মার্ট কমিউনিকেশান। এ ছয়টি লক্ষ অর্জনের মাধ্যমেই আমরা ২০৪১ সারেরম মধ্যে বাংলাদেশকে উন্নত সমৃদ্ধশালী আধুনিক রাষ্ট্রে রূপান্তর করতে পারব। এ ক্ষেত্রে দক্ষ ও বিশ্বমানের জনশক্তি গড়ে তোলার জন্য প্রশিক্ষণের কোনই বিকল্প নেই। সে নিরিখে সরকারও প্রশিক্ষনকে বিশেষ গুরুত্ব দিয়ে আসছে। এমন একটি প্রেক্ষাপটে দাড়িয়ে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোকে তাদের বিদ্যমান প্রশিক্ষণকে কিভাবে স্মার্ট প্রশিক্ষণে রূপান্তর করা যায় সে লক্ষে এ সেমিনার অতীব গুরুত্বপূর্ণ ও যথাযথ ভূমিকা পালন করবে এবং মূল্যবান দিক নির্দেশনা প্রদান করবে।

## বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লার অনুমোদিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি

### প্রশিক্ষণ বর্ষপঞ্জি : ২০২৩ - ২০২৪

| ক্রঃনং | প্রশিক্ষণ কোর্সের নাম | প্রশিক্ষণার্থীর ধরন | মেয়াদ | কোর্সের সময়কাল | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স (প্রশিক্ষক/সহঃ প্রশিক্ষক) | প্রশিক্ষক/সহ.প্রশিক্ষক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১০ দিন | ০৯.০৭.২০২৩ খ্রি.হতে ১৮.০৭.২০২৩ খ্রি. | ২৫ |
| ২. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৯.০৭.২০২৩ খ্রি.হতে ১৩.০৭.২০২৩ খ্রি. | ২৫ |
| ৩. | Advanced Computer Application & Office Management | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ০৯.০৭.২০২৩ খ্রি.হতে ২০.০৭.২০২৩ খ্রি. | ২৫ |
| ৪. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১৬.০৭.২০২৩ খ্রি.হতে ২০.০৭.২০২৩ খ্রি. | ২৫ |
| ৫. | Project Planning & Management (PPM) Course | সমবায় অধিদপ্তরের 1ম শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ১৬.০৭.২০২৩ খ্রি.হতে ২৭.০৭.২০২৩ খ্রি. | ২৫ |
| ৬. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ২৩.০৭.২০২৩ খ্রি.হতে ০৩.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ৭. | আইজিএ বিউটিফিকেশন কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্যবৃন্দ | ১০ দিন | ২৩.০৭.২০২৩ খ্রি.হতে ০১.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ৮. | গ্রাফিক ডিজাইন এবং ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্স (এনএসডিএ অর্ন্তভূক্ত) | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ৬০ দিন | ২৩.০৭.২০২৩ খ্রি.হতে ২০.০৯.২০২৩ খ্রি. | ২৫ |
| ৯. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (প্রকল্প সদস্য) | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ৩০.০৭.২০২৩ খ্রি.হতে ০৩.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ১০. | প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স (প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক) | সমবায় অধিদপ্তরের প্রশিক্ষক/সহ.প্রশিক্ষক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১০ দিন | ০৬.০৮.২০২৩ খ্রি.হতে ১৫.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ১১. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৬.০৮.২০২৩ খ্রি.হতে ১০.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ১২. | আইজিএ সেলাই কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্যবৃন্দ | ২১ দিন | ০৬.০৮.২০২৩ খ্রি.হতে ২৬.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ১৩. | Development Administration (Office Management, APA & PPA) | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ১৩.০৮.২০২৩ খ্রি.হতে ২৪.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ১৪. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২০.০৮.২০২৩ খ্রি.হতে ২৪.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ১৫. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৭.০৮.২০২৩ খ্রি.হতে ৩১.০৮.২০২৩ খ্রি. | ২৫ |
| ১৬. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ২৭.০৮.২০২৩ খ্রি.হতে ০৭.০৯.২০২৩ খ্রি. | ২৫ |
| ১৭. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৭.০৮.২০২৩ খ্রি.হতে ৩১.০৮.২০২৩ খ্রি. | |
| ১৮. | Project Planning & Management (PPM) Course | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ০৩.০৯.২০২৩ খ্রি.হতে ১৪.০৯.২০২৩ খ্রি. | ২৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৯. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (প্রকল্প সদস্য) | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৩.০৯.২০২৩ খ্রি.হতে ০৭.০৯.২০২৩ খ্রি. | ২৫ |
| ২০. | আইজিএ বিউটিফিকেশন কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্যবৃন্দ | ১০ দিন | ১০.০৯.২০২৩ খ্রি.হতে ১৯.০৯.২০২৩ খ্রি. | ২৫ |
| ২১. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১০.০৯.২০২৩ খ্রি.হতে ১৪.০৯.২০২৩ খ্রি. | ২৫ |
| ২২. | প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স (প্রশিক্ষক/সহঃ প্রশিক্ষক) | প্রশিক্ষক/সহ.প্রশিক্ষক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১০ দিন | ১৭.০৯.২০২৩ খ্রি.হতে ২৬.০৯.২০২৩ খ্রি. | ২৫ |
| ২৩. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১৭.০৯.২০২৩ খ্রি.হতে ২১.০৯.২০২৩ খ্রি. | ২৫ |
| ২৪. | পেশাগত প্রশিক্ষণ কোর্স | সমবায় অধিদপ্তরের 1ম শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ৬০ দিন | ২৪.০৯.২০২৩ খ্রি.হতে ২২.১১.২০২৩ খ্রি. | ২৫ |
| ২৫. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ২৪.০৯.২০২৩ খ্রি.হতে ০৫.১০.২০২৩ খ্রি. | ২৫ |
| ২৬. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৪.০৯.২০২৩ খ্রি.হতে ২৮.০৯.২০২৩ খ্রি. | ২৫ |
| ২৭. | Advanced Computer Application & Office Management | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ০১.১০.২০২৩খ্রি হতে ১২.১০.২০২৩খ্রি | ২৫ |
| ২৮. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০১.১০.২০২৩খ্রি হতে ০৫.১০.২০২৩খ্রি | ২৫ |
| ২৯. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (প্রকল্প সদস্য) | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৮.১০.২০২৩খ্রি হতে ১২.১০.২০২৩খ্রি | ২৫ |
| ৩০. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১৫.১০.২০২৩খ্রি হতে ১৯.১০.২০২৩খ্রি | ২৫ |
| ৩১. | Advanced Computer Application & Office Management | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ১৫.১০.২০২৩খ্রি হতে ২৬.১০.২০২৩খ্রি | ২৫ |
| ৩২. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২২.১০.২০২৩খ্রি হতে ২৬.১০.২০২৩খ্রি | ২৫ |
| ৩৩. | আইজিএ সেলাই কোর্স | সমবায় সমিতির মহিলা সদস্যবৃন্দ | ২১ দিন | ২২.১০.২০২৩খ্রি হতে ১১.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৩৪. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৯.১০.২০২৩খ্রি হতে ০২.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৩৫. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৯.১০.২০২৩খ্রি হতে ০২.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৩৬. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (প্রকল্প সদস্য) | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৫.১১.২০২৩খ্রি হতে ০৯.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৩৭. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৫.১১.২০২৩খ্রি হতে ০৯.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৩৮. | Advanced Computer Application & Office Management | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ১২.১১.২০২৩খ্রি হতে ২৩.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৩৯. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১২.১১.২০২৩খ্রি হতে ১৬.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৪০. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১৯.১১.২০২৩খ্রি হতে ২৩.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৪১. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১৯.১১.২০২৩খ্রি হতে ২৩.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৪২. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৬.১১.২০২৩খ্রি হতে ৩০.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৪৩. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৬.১১.২০২৩খ্রি হতে ৩০.১১.২০২৩খ্রি | ২৫ |
| ৪৪. | ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেইনেন্স ফর কন্সট্রাকশন কোর্স (এনএসডিএ অর্ন্তভূক্ত) | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ৬০ দিন | ২৬.১১.২০২৩খ্রি হতে ২৪.০১.২০২৪খ্রি | ২৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৫. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (প্রকল্প সদস্য) | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৩.১২.২০২৩খ্রি হতে ০৭.১২.২০২৩খ্রি | ২৫ |
| ৪৬. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৩.১২.২০২৩খ্রি হতে ০৭.১২.২০২৩খ্রি | ২৫ |
| ৪৭. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১০.১২.২০২৩খ্রি হতে ১৪.১২.২০২৩খ্রি | ২৫ |
| ৪৮. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | সমবায় অধিদপ্তরের 1ম শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ১৭.১২.২০২৩খ্রি হতে ২৮.১২.২০২৩খ্রি | ২৫ |
| ৪৯. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৪.১২.২০২৩খ্রি হতে ২৮.১২.২০২৩খ্রি | ২৫ |
| ৫০. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স (প্রকল্প সদস্য) | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৪.১২.২০২৩খ্রি হতে ২৮.১২.২০২৩খ্রি | ২৫ |
| ৫১. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ৩১.১২.২০২৩খ্রি হতে ০৪.০১.২০২৪খ্রি | ২৫ |
| ৫২. | Course on public procurement & EGP(PPA-2006 & PPR-2008) | সমবায় অধিদপ্তরের 1ম শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১০ দিন | ৩১.১২.২০২৩খ্রি হতে ০৯.০১.২০২৪খ্রি | ২৫ |
| ৫৩. | মোবাইল ফোন সার্ভিসিং কোর্স (এনএসডিএ অর্ন্তভূক্ত) | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ৬০ দিন | ০৭.০১.২০২৪খ্রি হতে ০৭.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৫৪. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৭.০১.২০২৪খ্রি হতে ১১.০১.২০২৪খ্রি | ২৫ |
| ৫৫. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১৪.০১.২০২৪খ্রি হতে ১৮.০১.২০২৪খ্রি | ২৫ |
| ৫৬. | Development Administration (Office Management, APA & PPA) | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ১৪.০১.২০২৪খ্রি হতে ২৫.০১.২০২৪খ্রি | ২৫ |
| ৫৭. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ২১.০১.২০২৪খ্রি হতে ০১.০২.২০২৪খ্রি | ২৫ |
| ৫৮. | পেশাগত প্রশিক্ষণ কোর্স | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ২১ দিন | ২৯.০১.২০২৪খ্রি হতে ১৮.০২.২০২৪খ্রি | ২৫ |
| ৫৯. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৮.০১.২০২৪খ্রি হতে ০১.০২.২০২৪খ্রি | ২৫ |
| ৬০. | Advanced Computer Application & Office Management | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ০৪.০২.২০২৪খ্রি হতে ১৫.০২.২০২৪খ্রি | ২৫ |
| ৬১. | Advanced Computer Management & Office Application | সমবায় অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১০ দিন | ০৪.০২.২০২৪খ্রি হতে ১৩.০২.২০২৪খ্রি | ২৫ |
| ৬২. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১৮.০২.২০২৪খ্রি হতে ২২.০২.২০২৪খ্রি | ২৫ |
| ৬৩. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ২৫.০২.২০২৪খ্রি হতে ০৮.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৬৪. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৫.০২.২০২৪খ্রি হতে ০১.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৬৫. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ০৪.০৩.২০২৪খ্রি হতে ১৫.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৬৬. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৪.০৩.২০২৪খ্রি হতে ০৮.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৬৭. | Advanced Course on Management & Development Administration Course | সমবায় অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ০৫ দিন | ১১.০৩.২০২৪খ্রি হতে ১৫.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৬৮. | উদ্যোক্তা সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১১.০৩.২০২৪খ্রি হতে ১৫.০৩.২০২৪খ্রি | ২৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬৯. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ১৮.০৩.২০২৪খ্রি হতে ২২.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৭০. | বিরোধ ও আপীল মামলা নিষ্পত্তি বিষয়ক কোর্স | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ০৫ দিন | ১৮.০৩.২০২৪খ্রি হতে ২২.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৭১. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৫.০৩.২০২৪খ্রি হতে ২৯.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৭২. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ২৫.০৩.২০২৪খ্রি হতে ২৯.০৩.২০২৪খ্রি | ২৫ |
| ৭৩. | Advanced Computer Application & Office Management | সমবায় অধিদপ্তরের ডিএ/পরিদর্শক পর্যায়ের কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ২৫.০৩.২০২৪খ্রি হতে ০৫.০৪.২০২৪খ্রি | ২৫ |
| ৭৪. | পেশাগত প্রশিক্ষণ কোর্স | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ২১ দিন | ০২.০৪.২০২৪খ্রি হতে ২২.০৪.২০২৪খ্রি | ২৫ |
| ৭৫. | সমবায় সমিতির হিসাব ও নিরীক্ষা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০১.০৪.২০২৪খ্রি হতে ০৫.০৪.২০২৪খ্রি | ২৫ |
| ৭৬. | সমিতি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্স। | সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ | ০৫ দিন | ০৮.০৪.২০২৪খ্রি হতে ১২.০৪.২০২৪খ্রি | ২৫ |
| ৭৭. | আইজিএ ফুড প্রসেসিং কোর্স | সমবায় সমিতির সদস্যবৃন্দ | ২১ দিন | ০৯.০৪.২০২৪খ্রি হতে ২৯.০৪.২০২৪খ্রি | ২৫ |
| ৭৮. | কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়ন কোর্স | সমবায় সমিতির কর্মচারীবৃন্দ | ২১ দিন | ১৭.০৪.২০২৪খ্রি হতে ০৭.০৫.২০২৪খ্রি | ২৫ |
| ৭৯. | Advanced Computer Application & Office Management | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ২২.০৪.২০২৪খ্রি হতে ০৩.০৫.২০২৪খ্রি | ২৫ |
| ৮০. | কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়ন কোর্স | সমবায় সমিতির কর্মচারীবৃন্দ | ২১ দিন | ৩০.০৪.২০২৪খ্রি হতে ২০.০৫.২০২৪খ্রি | ২৫ |
| ৮১. | বিরোধ ও আপীল মামলা নিষ্পত্তি বিষয়ক কোর্স | সমবায় অধিদপ্তরের ১ম শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ০৫ দিন | ০৬.০৫.২০২৪খ্রি হতে ১০.০৫.২০২৪খ্রি | ২৫ |
| ৮২. | সমবায় আইন ও বিধিমালা এবং সমবায় অডিটিং কোর্স | সমবায় অধিদপ্তরের ২য় শ্রেণির কর্মকর্তাবৃন্দ | ১২ দিন | ১৩.০৫.২০২৪ খ্রি.হতে ২৪.০৫.২০২৪খ্রি. | ২৫ |
| | মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা = | | | | ২০৫০ |

মোঃ আবুল খায়ের
উপ-নিবন্ধক (হুঁকি)
সমবায় অধিদপ্তর, ঢাকা।